

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

বিষয়: ২০-১২-২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার/উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোহসীন  
সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
তারিখ : ২০-১২-২০২০ খ্রি:  
সময় : সকাল ১০: ১৫ ঘটিকা  
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-১০৪)


সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট – ‘ক’ দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে আয়োজিত সভায় সকলকে স্বাগত জানান। সভাপতি বলেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় তার অধীনস্থ দপ্তর সংস্থাসহ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা পূর্বের তুলনায় গতিশীল হয়েছে। মন্ত্রণালয়, অধিদপ্তর, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচিসহ মাঠ পর্যায়ের সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীগণ তাদের দৈনন্দিন কাজে তার প্রতিফলন ঘটাতে সমর্থ হয়েছেন। মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব মোমেনা খাতুন সভায় জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ২য় কোয়ার্টার এর বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। মন্ত্রণালয়ের অনুবিভাগ/শাখার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা ইতিপূর্বে সকল অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। ২য় কোয়ার্টার এর যে সকল কার্যক্রম এখন পর্যন্ত সম্পন্ন হয়নি তা আগামী ৩১ ডিসেম্বর ২০২০ এর মধ্যে শেষ করার জন্য ফোকাল পয়েন্ট উপস্থিত সকলকে অনুরোধ জানান। উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন ও সভায় তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

- ১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ২য় কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম যথাসময়ে (৩১ ডিসেম্বর ২০২০ এ মধ্যে) বাস্তবায়ন করে মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/নৈতিকতা কমিটির সদস্য সচিব এর এর নিকট ০৫ জানুয়ারি ২০২১ এর মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কাজিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হবেন।
- ২। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচিকে যথাসময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করতে হবে। এ বিষয়ে উভয় দপ্তরের ফোকাল পয়েন্টদ্বয়কে তৎপর হতে হবে।
- ৩। মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন উত্তম চর্চার তালিকা প্রনয়ন করে তা আগামী ৩১ ডিসেম্বর ২০২০ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব (সমন্বয়) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৪। স্ব স্ব শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পর্যালোচনা করে তা হালনাগাদ করতে হবে। যেসকল শাখার সিটিজেনস্ চার্টার অদ্যাবধি প্রনয়ন করা হয়নি, তা আগামী ৩১ ডিসেম্বর ২০২০ এর মধ্যে প্রস্তুত করে আপলোড করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

- ৫। মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। পরিদর্শন পরবর্তী প্রতিবেদন প্রস্তুত পূর্বক তার একটি কপি মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ করতে হবে।
- ৬। সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী সকল শাখা/অধিশাখায় ব্যবহৃত নথিসমূহ শ্রেণিবিন্যাস করতে হবে।
- ৭। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। মন্ত্রণালয়সহ আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহে সরকারি অনুশাসন 'নো মাস্ক, নো সার্ভিস' শ্লোগানসহ অন্যান্য স্বাস্থ্যবিষয়ক উত্তমচর্চার প্রচারসহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে। মন্ত্রণালয়ের কক্ষসহ করিডোর, সিড়ি, ওয়াশরুম পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। প্রয়োজনে সকলের সচেতনতা বৃদ্ধির জন্য অফিসকক্ষ ও সংলগ্ন এলাকায় স্বাস্থ্যবিধি ও পরিচ্ছন্নতা বিষয়ক স্টিকার লাগাতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণাকরেন।



মোঃমোহসীন

সচিব


দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রণালয়

স্মারক নং- ৫১.০০.০০০০.১২০.০৪.০২৬.১৯- ২২২

তারিখ: ২০-১২-২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সমন্বয় ও সংস্কার  
মন্ত্রি পরিষদ বিভাগ  
কক্ষ নম্বরঃ ১১৯, ভবন নম্বর - ০১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটিসেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে আপলোড এর অনুরোধসহ)।



(মুনিরা সুলতানা)  
উপ সচিব

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়